দৈনিক ইত্তেফাক

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ ... 13 AUG 1989 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ...

064

ঢাকা।

## ডিগ্রী রেফার্ড প্রসঙ্গে

প্রতি বৎসর হাজার হাজার ছাত্র-ছাত্রী ডিগ্রী (পাস) পরীক্ষায় রেফার্ড পাইয়া থাকেন। ১৯৮৮ ইংরেজী সনেও ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে অনেক ছাত্র-ছাত্রী রেফার্ড-পাইয়াছেন। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ (৪০) চল্লিশ দিনের মধ্যেই বিষয় ভিত্তিক রেফার্ড পরীক্ষা গ্রহণ করেন এবং যারা রেফার্ড পরীক্ষায় পাস করেন তাদেরকে ঐ বৎসরের ডিগ্রী পরীক্ষায় উত্তীর্ণ বলিয়া সনদ দেওয়া হয়। কিন্তু সনদপত্রে কোন বিভাগ দেওয়া হয় না। সনদপত্রে শুধু লিখা থাকে উত্তীর্ণ। উক্ত সনদপত্র দিয়া ছাত্র-ছাত্রীরা যেমন মাষ্টার্স পড়িতে অসুবিধার সম্মুখীন হন, তেমনি হীনমন্যতা আর বিবেকের-দংশনে ক্ষতবিক্ষত হইতে থাকেন। কিন্তু বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ যদি রেকর্ড-প্রাপ্ত বিষয়ে প্রাপ্ত মার্কসের সহিত অন্যান্য বিষয়গুলির মার্কস যোগ করিয়া সনদপত্রে ডিভিসন উল্লেখ করেন, তবে ছাত্র-ছাত্রীদের উচ্চতর শিক্ষা জীবনের অহেতুক প্রতিবন্ধকতা দূর হয়। আশা করি কর্তৃপক্ষ এদিকে নজর দিবেন।

—এ, কে, চৌধুরী (কালাম), ক, জ, হল ঢাকা বিশ্ববিদ্যালয়।